

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০৮৬.২০১৪-৯০০


তারিখ: ২৫ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
০৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

- প্রেরক : মোঃ দিদারুল আলম
সিনিয়র সহকারী প্রধান
স্থানীয় সরকার বিভাগ
- প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা
- বিষয় : স্থানীয় সরকার বিভাগ (কোড নং ৩৭) এর আওতায় বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “সেচের গভীর নলকূপ হতে পাইপ লাইনের মাধ্যমে খাবার পানি সরবরাহ (৩য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের (কোড নং ৫০৪৩) অনুকূলে ২০১৬-২০১৭ অর্থবছরে সংশোধিত এডিপি বরাদ্দ হতে ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তকরণ প্রসঙ্গে।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৬-০৪-২০১৭ তারিখে জারীকৃত ৪৬.০৯৩.০১৪.০১.০০.০৮৬.২০১৪- ৮৫৯ নং সরকারী আদেশে অনুমোদিত ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে অর্থ ছাড়ের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ অনুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, (কোড নং ৩৭০৫)	“সেচের গভীর নলকূপ হতে পাইপ লাইনের মাধ্যমে খাবার পানি সরবরাহ (৩য় পর্যায়)” শীর্ষক প্রকল্প (কোড নং ৫০৪৩)	অনুমোদিত	৪র্থ কিস্তি	২.০০ লক্ষ (দুই লক্ষ)	১৬২৩.০০ লক্ষ (ষোল কোটি তেইশ লক্ষ)	১৬২৫.০০ লক্ষ (ষোল কোটি পঁচিশ লক্ষ) টাকা

- উপরোক্ত অর্থ অনুদান হিসেবে দেয়া হলো।
- এ ব্যয় বর্তমান অর্থবছরের (২০১৬-১৭) উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, স্থানীয় সরকার বিভাগ (কোড নং-৩৭) এর অধীন বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (কোড নং-৩৭০৫) কর্তৃক বাস্তবায়নাধীন “সেচের গভীর নলকূপ হতে পাইপ লাইনের মাধ্যমে খাবার পানি সরবরাহ (৩য় পর্যায়)” প্রকল্পের (কোডনং ৫০৪৩) হিসাবের খাত ৫-৩৭০৫-৫০৪৩ হতে বহন করা হবে।
- উপর্যুক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুষ্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য ব্যয়কৃত টাকা এ অংকের বহির্ভূত)।
- এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৭ এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- অনুমোদিত ডিপিপি'র প্রাঙ্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না।
- বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক এই প্রকল্পের আয়ন - ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- এ মন্ত্রণালয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর দপ্তর হতে এ অর্থ উত্তোলন করতে পারবেন।
- এ আদেশ অর্থ বিভাগের ২৩-০৪-২০১৭ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৩৭.২০১২-২২৩ নং স্মারকের মাধ্যমে অত্র বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো।


(মোঃ দিদারুল আলম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৮০১২।
planning1.lgd@gmail.com


পৃঃ পৃঃ হতে

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০৮৬.২০১৪-৯০০/১(৯)

তারিখঃ ২৫ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
০৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট-১১ অধিশাখা)।
- ৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, বরেন্দ্র ভবন, রাজশাহী।
- ৭। মহা ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক।
- ৮। প্রকল্প পরিচালক, “সেচের গভীর নলকূপ হতে পাইপ লাইনের মাধ্যমে খাবার পানি সরবরাহ (৩য় পর্যায়)” বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, বরেন্দ্র ভবন, রাজশাহী।
- ৯। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ দিদারুল আলম)
সিনিয়র সহকারী প্রধান